Edu- Adm/Plan

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 09 AUG 1986
পৃষ্ঠা 1 কলাম 2

300-35

# শিক্ষা ক্ষেত্রে অগ্রগতির জন্য সামাজিক স্থিতি চাই: মিজান

প্রধানমন্ত্রী জনাব মিজানুর রহমান চৌধুরী শুক্রবার এখানে বলেন দেশে শিক্ষার অব্যাহত অগ্রগতির জন্যে সামাজিক স্থিতি প্রয়োজন।

শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করতে ছাত্র অভিভাবক ও সচেতন নাগরিকদের প্রতি তিনি আহবান জানান।

মোহাম্মদপুরে কিশলয় বালিকা বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথিরূপে ভাষণ দেয়ার সময় প্রধানমন্ত্রী এই আহবান জানান। অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী জনাব জিয়াউদ্দীন বিশেষ অতিথিরূপে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন আজকের ছাত্রাই আগামী দিনের দেশ নেতা হবেন। তাদের যথাযথভাবে গড়ে তোলার জন্যেই শান্তিপূর্ণ পরিবেশের দরকার।

দেশে নারী শিক্ষা বিস্তারের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন সরকার শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন এবং শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণে সর্বোচ্চ বাজেট বরাদ্দ মঞ্জুর করা হয়েছে এ বছরে।

প্রধানমন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদ নারী শিক্ষার সম্প্রসারণে বিশেষ আগ্রহী। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে তিনি ইতিমধ্যেই প্রায় ৫০ কোটি টাকা দান করেছেন।

শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ

## মিজান

(১ম পৃঃ পর)

জনাব মিজানুর রহমান চৌধুরী বলেন সামরিক আইন প্রত্যাহার ও দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার জন্যে জনগণ তাঁদের নির্বাচিত করেছেন। তিনি বলেন আমাদের এখন উচিত ঐক্যবদ্ধ হয়ে কাজ করে জনগণকে দেয়া ওয়াদাগুলো পূরণ করা।

অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী জনাব জিয়াউদ্দীন বলেন সরকার দেশে শিক্ষা সম্প্রসারণে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন শিক্ষা কোনো সুবিধে নয়, জনগণের একটি মৌলিক অধিকার।